



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY
B.A. Honours 4th Semester Examinations, 2023

BENGALI

নাট্যতত্ত্ব ও বাংলা নাটক

CORE-9

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ
- (ক) 'বাংলা থিয়েটারের ইতিহাস' গ্রন্থটির লেখক কে ?
- (খ) 'নাট্যশাস্ত্র' গ্রন্থটির রচয়িতা কে ?
- (গ) 'সাজানো বাগান' নাটকটি কাদের প্রতি উৎসর্গ করা হয়েছিল ?
- (ঘ) 'দিলরুবা' কী ?
- (ঙ) 'বুড় শালিকের ঘাড়ে রৌ' কী জাতীয় রচনা ?
- (চ) দুটি একাঙ্ক নাটকের নাম লেখো।
- (ছ) দুটি বাংলা ট্রাজেডির উল্লেখ করো।
- (জ) বিজন ভট্টাচার্যের দুটি নাটকের নাম লেখো।
- (ঝ) বিনোদিনী কত সালে থিয়েটার জীবন ত্যাগ করেন ?
- (ঞ) গিরিশ ঘোষের দুটি পৌরাণিক নাটকের উল্লেখ করো।
- (ট) নাট্য নিয়ন্ত্রণ আইন কত সালে প্রণয়ন করা হয় ?
- (ঠ) 'মিনার্ভা' থিয়েটার কত সালে প্রতিষ্ঠিত হয় ?
- (ড) 'নীলদর্পণ' নাটকের পটভূমি কোন অঞ্চলের ?
- (ঢ) 'সাজানো বাগান' কত সালে প্রকাশিত হয় ?
- (ণ) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

১×১০ = ১০

- ২। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখোঃ

- (ক) শর্মিষ্ঠা
- (খ) লেবেদফ
- (গ) প্রহসন

৫×১ = ৫

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১০×১ = ১০

- (ক) একাঙ্ক নাটকের সংজ্ঞা দিয়ে একটি বাংলা একাঙ্ক নাটকের পরিচয় দাও।
(খ) ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো।
(গ) 'ছেঁড়া তার' নাটকের নায়িকা চরিত্রটি ভুল-ভ্রান্তি, দ্বিধা-দ্বন্দ্ব, প্রেম ও হতাশার এক খাঁটি ট্রাজিক নারী চরিত্র হয়ে উঠেছে' — আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

১৫×১ = ১৫

- (ক) রূপক-সাংকেতিক নাটকের সংজ্ঞা দিয়ে একটি সার্থক বাংলা রূপক-সাংকেতিক নাটক আলোচনা করো।
(খ) নাট্যব্যক্তিত্ব রূপে বিনোদিনী দাসীর অবদান আলোচনা করো।
(গ) 'সাজানো বাগান' নাটকের নামকরণের সার্থকতা আলোচনা করো।

—x—